৩২৫

# দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... SEP 02 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৭

## বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নির্বাচনে মুক্তিযুদ্ধের পক্ষের প্যানেল জয়ী

গত ২৮ আগষ্ট ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের বার্ষিক নির্বাচনে মুক্তিযুদ্ধের পক্ষের শিক্ষকগণ ৭টি পদের সব কয়টিতে জয়যুক্ত হইয়াছেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর আবদুল আউয়াল খান ফেডারেশনের নূতন সভাপতি নির্বাচিত হইয়াছেন। মহাসচিব

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

(শেষ পৃষ্ঠার পর)

পদে রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ জালাল উদ্দিন জয়লাভ করিয়াছেন। ৩টি সহ-সভাপতি পদে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মনজুর মোরশেদ মাহমুদ, সিলেট শাহজালাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর জয়নাল আবেদীন ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহসভাপতি প্রফেসর মেসবাহ উদ্দিন আহমেদ এবং কোষাধ্যক্ষ পদে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কোষাধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ নূরুল আলম, যুগ্ম মহাসচিব পদে সিলেট শাহজালাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ড. মোঃ ইলিয়াস উদ্দীন বিশ্বাস নির্বাচিত হইয়াছেন। -প্রেস বিজ্ঞপ্তি